# Times Today BD

আল কারিয়া চৌধুরী | দেশজুড়ে | 01 May, 2025

জয়পুরহাটে নানা আয়োজনে যথাযোগ্য মর্যাদায় মহান মে দিবস পালিত হয়েছে। বৃহস্পতিবার দিবসটি উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন শ্রমিক সংগঠন সকাল সাড়ে ৯ টায় জয়পুরহাটে রামদেও বাজলা স্কুল থেকে থেকে বিভিন্ন শ্রমিক সংগঠনের অংশগ্রহণের একটি র‍্যালি বের হয়।

র‍্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সার্কিট হাউজ চত্বরে গিয়ে শেষ হয়।

র‍্যালিতে অংশ নেন, জেলা প্রশাসক আফরোজা আকতার চৌধুরী, অতিরিক্ত পুলিশ সুপার জিন্নাহ আল মামুন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিপুল কুমার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সবুর আলী, বিএনপির রাজশাহীর বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক এ এইচ এম ওবায়দুর রহমান চন্দন,

জেলা বিএনপির আহ্বায়ক গোলজার হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাসুদ রানা প্রধান, যুগ্ম আহ্বায়ক আব্দুল ওয়াহাব, জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক উম্মে আলী হিম্মত , জেলা শ্রমিক দলের সভাপতি বাবুল করিম, জয়পুরহাট জেলা সম্মিলিত শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক আব্দুল মতিনসহ বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দরা।

জয়পুরহাট মে দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 06:49

URL: https://www.timestodaybd.com/across-the-country/2859381706